মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**প্রেস বিজ্ঞপ্তি**

নং-২০২১/৭/৭-১

**রাজধানীর কোরবানির পশুর হাটে ২২টি ভেটেরিনারি মেডিক্যাল টিম**

ঢাকা, ৭ জুলাই ২০২১ (বৃহস্পতিবার)

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনায় রাজধানীর কোরবানির পশুর হাটে ভেটেরিনারি মেডিক্যাল সেবা প্রদানে আজ থেকে নিযুক্ত হয়েছে প্রাণিসম্পদ অধিদপ্তরের ২২টি ভেটেরিনারি মেডিক্যাল টিম। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অনুমোদিত পশুর হাটে এ টিমগুলো কাজ শুরু করেছে। রোগাক্রান্ত ও কোরবানির অনুপযুক্ত গবাদিপশু যাতে হাটে ক্রয়-বিক্রয় না হয় সেজন্য এ মেডিকেল টিম কাজ করছে। এছাড়াও সারাদেশের কোরবানির হাটে ১ হাজার ৭৩৯ টি ভেটেরিনারি মেডিক্যাল টিম কাজ করছে। একই সাথে ১টি বিশেষজ্ঞ ভেটেরিনারি মেডিক্যাল টিমও কাজ করছে।

অপরদিকে রাজধানীর কোরবানির পশুর হাটে ভেটেরিনারি মেডিক্যাল টিমের কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম তদারকি করবে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। এ জন্য মন্ত্রণালয়ের ৯ জন উপসচিব পর্যায়ের কর্মকর্তাকে নির্ধারিত পশুর হাটে দায়িত্ব দিয়েছে মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের কর্মকর্তাদের পাশাপাশি প্রাণিসম্পদ অধিদপ্তরের ১২ টি মনিটরিং টিমও রাজধানীর কোরবানির পশুর হাট তদারকি করবে।

স্বাক্ষরিত/-
মোঃ ইফতেখার হোসেন
জনসংযোগ কর্মকর্তা
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মোবাইলঃ ০১৭৭৫২২৫৬৯০